

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২৮১

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ সালাতে মুসল্লী ব্যক্তির আকাশের দিকে দৃষ্টি উত্তোলন করার ব্যাপারে নিষেধাজ্ঞা

ذِكْرُ الزَّجْرِ عَنْ رَفْعِ الْمَرْءِ إِلَى السَّمَاءِ بصرَه فِي الصَّلَاةِ

আরবী

2281 _ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا عَبَّاسُ بْنُ الوليد النرسي قال: حدثنا زيد بْنُ زُريع قَالَ: حَدَّثَنَا سَعِيدٌ عَنْ قَتَادَةَ , عَنْ أَنَسٍ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَسَلَّمَ وَلَكُ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: مَا بَالُ أَقْوَامٍ يَرْفَعُونَ أَبْصَارَهُمْ إِلَى السَّمَاءِ فِي صَلَاتِهِمْ [فاشتدَّ قَوْلُهُ فِي ذَلِك] حَتَّى قَالَ: ليَنْتَهُنَّ عَنْ ذَلِكَ أَوْ لَتُخْطَفَنَ أَبصارُهُمْ)

الراوي: أُنَس ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2281 | خلاصة حكم المحدث: صحيح _ ((صحيح أبي داود)) (847): خ.

বাংলা

২২৮১. আনাস বিন মালিক রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "লোকদের কী হলো যে, তারা সালাতে তাদের দৃষ্টিকে আসমানের দিকে উত্তোলন করে! (রাবী বলেন, তারপর তিনি এই ব্যাপারে আরো কঠিন কথা বলেন) এমনকি তিনি বলেন, "অবশ্যই তারা এই কাজ থেকে বিরত থাকবে, নতুবা তাদের দৃষ্টিশক্তি ছিনিয়ে নেওয়া হবে।"[1]

ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ৪৭৫; মুসনাদ আহমাদ: ৩/১৪০; দারেমী: ১/২৯৮; সহীহ আল বুখারী: ৭৫০; আবূ দাউদ: ৯১৩; নাসাঈ: ৩/৭; ইবনু মাজাহ: ১০৪৪; আবূ ইয়ালা: ১৪৭; সুনান বাইহাকী: ২/২৮২; বাগাবী: ৭৩৯।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা



নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৮৪৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন